

## Model Activity Task 2021 October

### Model Activity Task Part –7| Class- 8| Bengali

### মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | অক্টোবর

### অষ্টম শ্রেণী| বাংলা | পার্ট -৭

#### ১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১.১ ...তুমি তাহার পাশে এসে দাঁড়াও।’ – কার প্রতি কবির এই আহ্বান? কার পাশে, কীভাবে এসে দাঁড়াতে হবে বলে কবি জানিয়েছেন?

উ:- সকল মানবজাতির প্রতি কবির এই আওহান। অসহায়, নিপীড়িত, লাঞ্চিত মানুষের পাশে, অসহায়ের সহায় হয়ে, বন্ধুর মতো অথবা মনুষত্ব দিয়ে এসে দাঁড়াতে হবে বলে কবি জানিয়েছেন।

১.২ ‘রমেশ কহিল, তুমি অত্যন্ত হীন এবং নীচ।’ – কাকে রমেশ একথা বলেছে? তার একথা বলার কারণ কী?

উ:- রমাকে একথা বলেছে রমেশ।

গ্রামের একশো বিঘা জমি জলমগ্ন হয়ে পড়েছে। এমত অবস্থায় গ্রামের জমিদার বেনি ঘোষাল এবং রমা তাদের পুকুরের মাছের ক্ষতির জন্য বাধ কেটে জমির জল বার করতে দিতে চাইছিল না। অথচ রমাকে রমেশ এত নিষ্ঠুর ও নীচ মনোবৃত্তির বলে কখনোই ভাবেনি। রমা এমনকি রমেশকে তার ভাগের ক্ষতি পূরণের দাম দিতেও বলে। তার এই আচরণ দেখেই রমেশ উদ্ধৃত মন্তব্যটি করে।

১.৩ ‘একটা স্ফুলিঙ্গ-হীন ভিজে বারুদের স্তূপ। – কাদের সম্পর্কে, কেন একথা বলা হয়েছে?

উ:- ছন্নছাড়া বেকার নিরাশ্রয় কয়েকজন কম বয়সী যুবকের কথা এখানে বলা হয়েছে।

কবি বলতে চেয়েছেন তাদের মধ্যে আগুনের স্ফুলিঙ্গ অর্থাৎ জ্বলে ওঠার সম্ভাবনা ছিল কিন্তু সমাজ পরিস্থিতি এসে তাদের আশায় জল ঢেলে দিয়েছে। তাই তারা সমাজের উচ্ছিষ্টে পরিণত হয়েছে।

১.৪ ‘আমাদের দৃষ্টি হইতে দূরে গেল বটে, কিন্তু বিধাতার দৃষ্টির বাহিরে যায় নাই - কোন প্রসঙ্গে প্রাবন্ধিক এই মন্তব্যটি করেছেন? ‘বিধাতার দৃষ্টির বাহিরে যায় নাই - একথার তাৎপর্য কী?

উ:- এখানে একটি ক্ষুদ্র বীজের এর কথা বলা হয়েছে যেটি ভাঙ্গা ইট অথবা মাটির নিচে লুক্কায়িত ছিল। কেউ না দেখলেও প্রকৃতির দৃষ্টির বাহিরে যায় না, কিছু দিন পর্যন্ত সেটি বীজের কঠিন আবরণে মধ্যে ঘুমিয়ে থাকে, যথাসময়ে সেটি থেকে অঙ্কুর বের হয় ও বৃক্ষ শিশুর জন্ম হয়।

১.৫ ‘রৌদ্রে যেন ভিজে বেদনার গন্ধ লেগে আছে - কোন কবিতার অংশ? কবির মনে এমন অনুভূতি জেগেছে কেন?

উ:- উদ্ধৃত পঙ্কতিটি জীবনানন্দ দাশের লেখা ‘পাড়াগাঁর দু পহর ভালোবাসি’ কবিতার অংশ।

কবি জীবনানন্দ দাশ প্রকৃতি প্রেমিক কবি হলেও তাঁর এই কবিতায় এক প্রচ্ছন্ন দুঃখের ইঙ্গিত দিয়েছেন। দুপুরবেলায় সমস্ত প্রকৃতি নিস্তব্ধ থাকে, দেখে মনে হয় প্রকৃতি যেন শোক যাপন করছে।

শঙ্খাচিলের চিৎকার, জলসিড়ি পাশে নৌকার একাকী পড়ে থাকা, বুনো চালতার ছায়া সবকিছুই এই ইঙ্গিত বহন করে।

## ২. নির্দেশ অনুসারে নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও:

২.১ বাক্যের মধ্যে ক্রিয়াপদটি কীভাবে গঠিত হয়?

উ:- ধাতুর সঙ্গে ক্রিয়া বিভক্তি যুক্ত হয়ে বাক্যের ক্রিয়াপদ তৈরি হয়।

২.২ আপেক্ষিক ভাবের একটি উদাহরণ দাও।

উ:- যদি আকাশে মেঘ করে তবে বৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকে।

২.৩ নিত্যবৃত্ত অতীত বলতে কী বোঝ?

উ:- অতীতে প্রায়ই ঘটতো- এই অর্থে ক্রিয়ার যে কাল হয় তাকে নিত্যবৃত্ত অতীত বলা হয়।

২.৪ নিত্য অতীত এবং ঘটমান অতীতের পার্থক্য কোথায়?

উ:- পূর্বে নিয়মিত কোন ঘটনা ঘটতো বোঝালে সেখানে নিত্য অতীত হয়।  
পূর্বে কোন ঘটনা ঘটছিল বা চলছিল বোঝালে ঘটমান অতীত হয়ে থাকে।

২.৫ রূপ ও অর্থ অনুসারে ক্রিয়ার কালকে ক'টি ভাগে ভাগ করা যায়?

উ:- রূপ ও অর্থ অনুসারে ক্রিয়ার কালকে দু'ভাগে ভাগ করা যায়। যথা-

১. মৌলিক কাল বা সরল কাল এবং

২. যৌগিক কাল